# --- এনআইবিতে বৃক্ষরোপণ ও চারা বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত ---

আজ ২ আগস্ট ২০২৬, সকাল ১১.০০ ঘটিকায় ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)-এর উদ্যোগে "বৃক্ষরোপণে সাজাই দেশ, সবার আগে বাংলাদেশ" প্রতিপাদ্যে "বৃক্ষরোপণ ও চারা বিতরণ কর্মসূচি" অনুষ্ঠিত হয়।

কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এনআইবি'র মাননীয় মহাপরিচালক অধ্যাপক ড. মোঃ ছগীর আহমেদ বৃক্ষের চারা রোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন এবং কর্মকর্তা-কর্মচারীদের মাঝে চারা বিতরণ করেন। এ সময় তিনি বৃক্ষরোপণের গুরুত্ব তুলে ধরে সকলকে অন্তত একটি করে গাছ লাগানোর আহবান জানান এবং এই উদ্যোগকে প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতার একটি উজ্জ্বল দৃষ্টান্ত বলে অভিহিত করেন। উল্লেখ্য, ইতিমধ্যে এনআইবি ক্যাম্পাসে সহস্রাধিক ফলজ ও ঔষধি গাছের চারা রোপণ করা হয়েছে এবং নিয়মিত পরিচর্যার মাধ্যমে সেগুলোর যত্ন নেওয়া হচ্ছে।

মহাপরিচালকের নেতৃত্বে আয়োজিত এই কর্মসূচি প্রতিষ্ঠানের সবুজায়ন প্রক্রিয়াকে আরও গতিশীল করবে বলে উপস্থিত সকলে আশাবাদ ব্যক্ত করেন।




বৃক্ষরোপণে সাজাই দেশ
সবার আগে বাংলাদেশ
বৃক্ষরোপণ
ও চারা বিতরণ কর্মসূচী
অধ্যাপক ড. মোঃ ছগীর আহমেদ
মহাপরিচালক, এনআইবি


NATIONAL INSTITUTE
OF
BIOTECHNOLOGY


NATIONAL INSTITUTE
OF
BIOTECHNOLOGY
বৃক্ষরোপণে সাজাই দেশ


বৃক্ষরোপণ
ও চারা বিতরণ কর্মসূচী
বৃক্ষরোপণে সাজাই দেশ
সবার আগে বাংলাদেশ


NATIONAL INSTITUTE
OF
BIOTECHNOLOGY


NATIONAL INSTITUTE
OF
BIOTECHNOLOGY
বৃক্ষরোপণ
ও চারা বিতরণ কর্মসূচী
অধ্যাপক ড. মোঃ ছগীর আহমেদ